

## দ্বিতীয় অধ্যায়: ঈশ্বর

প্রশ্ন-ক. অনাদি অনন্ত ঈশ্বরের গুণাবলি আমরা কীভাবে জানতে পারি?

[প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: অনাদি অনন্ত ঈশ্বরের গুণাবলি আমরা তাঁর সৃষ্টিকর্মের মধ্য দিয়ে জানতে পারি।

প্রশ্ন-খ. আমরা সকলেই শাস্বত জীবন লাভ করতে চাই। এই জীবন লাভ করতে হলে আমাদের কীভাবে জীবনযাপন করতে হবে?

উত্তর: শাস্বত জীবন লাভ করতে হলে আমাদের পবিত্রভাবে জীবনযাপন করতে হবে।

প্রশ্ন-গ. আমরা জানি যে ঈশ্বর সর্বত্র বিরাজমান। এই কথা আমরা কার কাছ থেকে জানতে পারি?

উত্তর: ঈশ্বরের সর্বত্র উপস্থিতির কথা আমরা সাধু পলের কাছ থেকে জানতে পারি।

প্রশ্ন-ঘ. তুমি হৃদয় পবিত্র করতে চাও। এর জন্য তোমাকে কী গ্রহণ করতে হবে?

উত্তর: হৃদয় পবিত্র করার জন্য আমাকে সাক্রামেন্ট গ্রহণ করতে হবে।

প্রশ্ন-ঙ. অনাদিকালকে অন্য কথায় কী বলা হয়?

উত্তর: অনাদিকালকে অন্যকথায় 'শাস্বতকাল' বলা হয়।

প্রশ্ন-চ. ঈশ্বরের গুণাবলি কেমন?

উত্তর: ঈশ্বরের গুণাবলি অদৃশ্য।

প্রশ্ন-ছ. যীশু নিজেকে কীসের সাথে তুলনা করেছেন?

[প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: যীশু নিজেকে রুটির সাথে তুলনা করেছেন।